পঞ্চদশ অধ্যায়

বিচার ব্যবস্থা, পুলিশ প্রশাসন ও সংশোধনাগার

বিচার ব্যবস্থা

পাঠান রাজত্বে দেশের শাসন ব্যবস্থা যে রকম ছিল মোগল রাজত্বে তার অনেক রদবদল হয়েছিল। বিচার ব্যবস্থারও অনেক পরিবর্তন হয়েছিল এবং শেষ পর্যন্ত আকবরের রাজত্বকালে বিচার ও শাসন ব্যবস্থা মোটামুটি একটা স্থায়ী রূপ নিয়েছিল।

ভিনসেন্ট স্মিথ বলেছেন, আকবর বুঝেছিলেন যে দেশ শাসনের জন্য সুষ্ঠু বিচার ব্যবস্থার প্রয়োজন। তাঁর আগে শেরশাহ্ দেশ শাসনের ধারা যেভাবে বদল করেছিলেন, বিচারের সেই কাঠামো আকবর বজায় রেখেছিলেন। শেরশাহ্ তাঁর রাজ্য কয়েকটি সরকার ও পরগনায় ভাগ করেছিলেন। শেরশাহ্ প্রত্যেক সরকারের কর্তা করেন একজন প্রধান শিকদারকে৷ আকবর মোগল সাম্রাজ্য কয়েকটি সুবাতে ভাগ করেছিলেন। আকবরের মোগল সাম্রাজ্যে এইসব সুবার নিচে মোট ১০০টি সরকার ছিল। প্রত্যেক সরকারে কয়েকটি পরগণা ছিল এবং তাঁর রাজত্বে পরগণার নামকরণ হয় মহাল। আকবর প্রত্যেক সুবার শাসনকর্তা করেন সুবাদারকে। সুবাদারী শাসন তার পর থেকেই চলতে থাকে। ১৮৮১ সালে এই পদের অবসান হয়। শেরশাহ্ ফৌজদারী আইনের কর্তা করেছিলেন শিকদারদের। আকবর ফৌজদার ও সুবাদারদের উপর সেই ভার ন্যস্ত করেন।

মোগল আমলে মুসলিম ফৌজদারী আইন ছিল বিচার ব্যবস্থার ভিত্তি এবং হিন্দু ও মুসলমান উভয়ের (ক্ষেত্রেই তা সমানভাবে প্রযোজ্য ছিল। অন্যদিকে দেওয়ানী বিচারের জন্য মুসলিম দেওয়ানী বিধি চালু ছিল। আকবর বিচার ব্যবস্থার জন্য দুটি প্রতিষ্ঠান তৈরী করেন একটি হল কাজী অন্যটি হ'ল মীর-ই-আদিল। এক একটি প্রদেশে এই ব্যবস্থার মাথায় থাকতেন 'সদর'। তিনি নগর ও বড় গ্রামগুলিতে কাজী নিয়োগ করতেন আর বড় বড় শহর ও নগরে নিয়োগ করতেন মীর-ই-আদিল। কোন শহর বা গ্রামে দুজন পদাধিকারী থাকলে মীর-ই-আদিল কাজীর উপরওয়ালা হিসাবে কাজ করতেন। কাজী মুসলিম দেওয়ানী ও ফৌজদারী আইনের ভিত্তিতে বিচার করতেন । অন্যদিকে, কোন নির্দিষ্ট সম্প্রদায়ের আইনে যে বিষয়টা স্পষ্টভাবে বলা থাকত না সেই সব বিষয়ের নিষ্পত্তি করতেন মীর-ই-আদিল। এছাড়া কাজী-কে আইনের ব্যাখ্যা করে সাহায্য করতেন মুফতি ও পন্ডিত৷ এছাড়া আমিন, আমিল, ভকিল, উজির, বক্সী সদর, মুস্তাফী আরও নানা রকমের কর্মচারী ছিল। আইন-ই-আকবরীতে তাদের দায়দায়িত্বের উল্লেখ আছে। রাজধানীতে দৌলতখানায় বসে স্বয়ং বাদশাহ্-ও বিচার করতেন। তাঁর প্রধান কর্মচারীদের মধ্যে ছিলেন দেওয়ান-ই-আদালত এবং কাজী-এ-কুদ(জ বা প্রধান বিচারপতি। শহরের পুলিশ ও মিউনিসিপ্যাল ব্যবস্থার প্রধান মুহ্‌তাসিবদের হাতেও বিচার করা ও শাস্তি দেবার (মতা ছিল। প্রত্যেক সুবাতে নিজামত আদালত ছিল সুবাদার বা নাজিমের অধীন। তাঁকে সাহায্য করতেন দেওয়ান। এই বিচার ব্যবস্থা শেষ পর্যন্ত প্রচলিত ছিল। এর দুর্বলতার প্রধান দিকটি ছিল নিম্ন বিচারকের সিদ্ধান্ত পুনর্বিবেচনার সুযোগ সহজলভ্য না হওয়া। স্যার যদুনাথ সরকার মোগল শাসনব্যবস্থা সম্পর্কে লিখেছেন -

The Indian village in the Mughal Empire was denied the greatest pleasure of this life in our times viz. facility for civil litigation with Government Courts of first instance close to his doors and an abundance of courts of appeal rising up to the High Court at the Capital.'

সি.ডি.ফীল্ডস তাঁর 'দি রেগুলেশন অব্ বেঙ্গল কোড' গ্রন্থে ১৭৭২ সালে মুর্শিদাবাদে যে আদালতগুলি কাজ করত তার তালিকা দিয়েছেন। কমিটি অব্ সার্কিটকে লেখা ১৫ই আগষ্ট, ১৭৭২-এর একটি চিঠি থেকে এই তালিকাটি সংগৃহীত।

(১) সুবার সবথেকে বড় বিচারক ছিলেন নাজিম। বড় অপরাধের বিচার তিনি নিজেই করতেন।

(২) জমি এবং সম্পত্তি সংত্র(ান্ত মামলায় সুবার সর্বোচ্চ বিচারক ছিলেন দেওয়ান। তবে তিনি কদাচিৎ নিজেই জমির মামলার বিচার করতেন।

(৩) ফৌজদারী মামলার ব্যাপারে নবাব নাজিম এর প্রধান সহকারী ছিলেন দারোগা-ই-আদালত-আল-আলিয়া। সম্পত্তি সংত্র(ান্ত মামলার বিচারও তিনি করতেন।

(৪) দেওয়ানী মামলায় দেওয়ানের সহকারী ছিলেন দারোগা-ই-আদালত-দেওয়ানী। ভূসম্পত্তির মালিকানা ও উত্তরাধিকার নিয়ে কোন মামলা হ'লে তার বিচার তিনিই

করতেন। ।

(৫) ফৌজদার একদিকে ছিলেন তাঁর এলাকার পুলিশ ব্যবস্থার প্রধান, অন্যদিকে তিনি ফৌজদারী মামলার বিচারকও ছিলেন ।

(৬) উত্তরাধিকার সংক্র(ান্ত মামলার বিচারক ছিলেন কাজী।

(৭) মাতলামী, মদচোলাই, ওজন ও মাপ কম দিয়ে লোক ঠকানো, নেশাদ্রব্য কেনাবেচা এই সব নিয়ে নালিশের বিচার হ'ত মুহ্তাসিব-এর কাছে।

মিঃ ফিল্ড আরও লিখেছেন, 'এইসব আদালতের কাজ মুর্শিদাবাদ ও তার আশেপাশে সীমাবদ্ধ ছিল। দূরের জেলাগুলির জন্য নিম্ন আদালতের(subordinate jurisdiction) প্রকৃত ব্যবস্থা ছিলনা। কাজীর হয়ে কাজ করতেন অন্য কেউ। তাদের (মতা আইনসম্মত ছিলনা। সাধারণ মানুষ সেই আদেশ মানছে কিনা সেই আদেশের বি(দ্ধে উচ্চতর আদালতে যাওয়ার (মতা সাধারণ মানুষের আছে কিনা, তার ওপরেই ঐ আদেশের বহাল থাকা না থাকা নির্ভর করত। জমিদার ও অন্যান্য রাজস্ব আধিকারিকরা আইন বহির্ভূত বিচারের (মতা প্রয়োগ করতেন। এবং তাঁরা তা প্রয়োগ করতেন ন্যায় বিচারের জন্য নয়, নিজেদের স্বার্থে।'

মোগল আমলে জমিদারদের ফৌজদারী বিচারের কোন অধিকার না থাকলেও তাঁরা তা প্রয়োগ করতেন। অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধে দেখা যায় তাঁরা একেকজন নিজের এলাকায় বিচারক হয়ে বসেছেন।

মোগল শাসনের শেষদিকে মুর্শিদকুলি খাঁ তিন সুবার কাজি-উল্-কুদ(জ নিযুক্ত(করেছিলেন এবং তাদের নাম দেওয়া হয়েছিল সদর-উস-সদুর। নিজামতি ও দেওয়ানী দুই আদালতের প্রধান ছিলেন দুজন দারোগা-ই-আদালত। মুসলমান আইনের ব্যাখ্যার জন্যে থাকতেন মুফতী এবং হিন্দু আইনের ব্যাখ্যার জন্যে বড় বিচারালয়গুলিতে জজ পণ্ডিত নিযুক্ত(করার ব্যবস্থা ছিল। দেওয়ানী বিভাগের বিচারের ভার ছিল দেওয়ানের উপর। তবে তিনি কদাচিৎ আদালতে বিচার করতেন। রাজস্ব বিভাগের কোনো কর্মচারীর উপর তিনি বিচারের ভার দিতেন। ফলে বিচার-বিভ্রাট হ'ত।

সিয়ার-উল্-মুতা(রীনে দেখা যায় সুজাউদ্দিনের আমলে বাংলা দশটি ও বিহার আটটি ফৌজদারীতে বিভক্ত(ছিল। তাছাড়া রাজধানী মুর্শিদাবাদের জন্যে একজন পৃথক ফৌজদার ছিলেন। অবাধ্য জমিদারদের দমন বা উৎখাত করা, বিদ্রোহী জমিদারদের ধরে সুবাদারের কাছে পাঠানোর দায়িত্বও ফৌজদারদের পালন করতে হ'ত । চোর, ডাকাত দমনের সঙ্গে অশান্তি উপদ্রব দূর করাও তাঁর কাজ ছিল। কোম্পানী আমলের ম্যাজিস্ট্রেটদের মতই তাদের শান্তি ও শৃঙ্খলা র(া করতে হ'ত। ফৌজদারেরা তার জন্যে রাজ্যের অনেক জায়গায় থানা বসাতেন এবং থানাদার নিযুক্ত(করতেন। বড় বড় শহরে কোতোয়াল এবং তাঁর অধীনে চৌকিদারেরা শান্তি শৃঙ্খলা র(ার ব্যবস্থা করত।

মোগল রাজত্বের কোর্ট কাছারীর কথা সেকালের বিদেশী ভ্রমণকারীরাও বলে গিয়েছেন। ডাহাপাড়ার 'বঙ্গাধিকারী' পরিবারের কাগজপত্রের মধ্যে জেলার বিশিষ্ট ব্যবহারজীবী শ্রী বিজয় গুপ্ত সেবাস্টিয়ান ম্যানরিক নামে এক পর্যটকের একটি মন্তব্য খুঁজে পান। ম্যানরিক লিখেছেন সেকালের কোর্ট কাছারীর কথা,

'Justice is well-organised and law Courts equipped. The *Ukils* and the *Kazis* are rich and respected. Criminal and Revenue laws are extremely stringent and severe. Capital punishments of brutal nature are frequent.Many had to embrace Islam for non-payment of revenue.The lives of beautiful and healthy girls unsafe.'

নবাবী আমলের বিচার ব্যবস্থাও একই ধরণের ছিল। চোর ডাকাতদের শাস্তি ছিল চরম শাস্তি। ডাকাত ধরা পড়লে ফাঁসিতে লটকে দেওয়া হ'ত। হাত পা বা নাক-কান কেটে ছেড়ে দেবার ব্যবস্থা ছিল। বিদ্রোহী জমিদারদেরও কঠোর শাস্তি দেওয়া হ'ত মুর্শিদকুলির আমলে। যে সব জমিদার সময়মত খাজনা দিতেন না, তাঁদের ধরে এনে হাত পা বেঁধে আবর্জনার চৌবাচ্চায় বসানো হ'ত। এর নাম ছিল 'বৈকুণ্ঠ বাস'। খাজনার টাকা দিলে তাঁরা মুক্তি(পেতেন। নবাব আলীবর্দীর আমলেও একই ব্যবস্থা ছিল। মুর্শিদাবাদে ছিল সদর দেওয়ানী ও সদর নিজামত আদালত যেখানে জমি, ধার-দেনা এবং ফৌজদারী মামলার বিচার হ'ত।

পলাশীর যুদ্ধের পরেই ইংরেজরা এদেশের শাসন ব্যবস্থা হাতে নেয়নি। ১৭৭০ সাল নাগাদ দেশের বিস্তীর্ণ অঞ্চলে তাঁদের শাসন কায়েম করেছিল। ইস্ট ইন্ডিয়া কোম্পানী তখন দিল্লীর বাদশাহের আদেশ মত তিন সুবার দেওয়ান আর মুর্শিদাবাদের নবাব নাজিম নামে মাত্র সুবাদার। রবার্ট ক্লাইভ দ্বিতীয়বার বাংলায় এসে দেশের শাসন ব্যবস্থা দেখে ইংল্যান্ডে তার এক বন্ধুকে চিঠি লিখেছিলেন, 'নবাবকে যুদ্ধে হারানো সহজ, নবাবের বি(দ্ধে সাধারণ মানুষের ঘৃণা ও অসন্তোষকে কাজে লাগিয়ে কোম্পানীর শাসন চালু করা আরও সহজ, কিন্তু রাজস্ব সংগ্রহ ব্যবস্থাকে সুচা(করা কিংবা আইনের শাসন প্রতিষ্ঠা করা খুবই কঠিন।'

ইংরেজ কোম্পানী যখন বাংলা-বিহারের বিচার ব্যবস্থা হাতে নিয়েছিল, তখনই এই দুটি সুবাতে বিচার ব্যবস্থা বানচাল

হয়ে গিয়েছে। আইন শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠিত করাই তখন ছিল প্রথম ও প্রধান কাজ। কারণ রবার্ট ক্লাইভের মত বিচ(ণ কোম্পানী-কর্তারা জানতেন, রাজস্ব সংগ্রহ ঠিকমত না হলে তাঁদের রাজনৈতিক শাসনমুষ্ঠিও আলগা হয়ে যাবে।

এই পরিপ্রে(তেই লন্ডনে কোর্ট অব্ ডিরেক্টর্স নূতন বিচার ব্যবস্থা প্রবর্তনের সিদ্ধান্ত নিলেন। তারা বুঝেছিলেন একমাত্র সুষ্ঠু বিচার ব্যবস্থা প্রবর্তনের দ্বারা শান্তি, শৃঙ্খলা ও আইনের শাসন প্রতিষ্ঠা করা এবং রাজস্ব বৃদ্ধি করা সম্ভব। এই নীতি বাস্তবায়িত করতে কোর্ট অব্ ডিরেক্টর্স ওয়ারেন হেস্টিংসকে গভর্ণর জেনারেল করে ভারতে পাঠালেন। ১৭৭২ সালের ১৩ই এপ্রিল তিনি ভারতে পৌঁছলেন এবং এপ্রিল মাসের মধ্যেই নূতন নীতি কার্যকর করলেন। তৈরী হ'ল বোর্ড অব্ রেভিনিউ। বোর্ডের প্রধান হেস্টিংস স্বয়ং। তাঁকে সাহায্য করবেন 'রায় রায়ান' নামে এক ভারতীয় পদাধিকারী। কমিটি অব্ সার্কিট আইন তৈরী করে প্রতি জেলায় 'সিভিল' ও 'ত্রি(মিনাল' কোর্ট তৈরী করলেন। এভাবে দেওয়ানী ও ফৌজদারী মামলার বিচারকে প্রথম থেকেই আলাদা করা হ'ল। জমিদাররা যে আইনবহির্ভূত (মতা প্রয়োগ করতেন তাও খর্ব হ'ল। মুর্শিদাবাদ থেকে সদর নিজামত ফৌজদারী কোর্ট কলকাতায় আনা হ'ল, নাম হ'ল সুপ্রীম কোর্ট। বলা যেতে পারে কলকাতায় রাজধানী সরিয়ে আনার এটাই প্রথম পদ(প। চীফ জাস্টিস হলেন স্যার ইলাইজা ইম্পে আর সঙ্গী মিঃ জাস্টিস হাইড ও চেম্বার্স। মুর্শিদাবাদ থেকে সদর দেওয়ানী আদালত তুলে দিয়ে সুপ্রীম কোর্টের সামিল করা হ'ল। ফৌজদারী আদালতের কর্মভার ছিল বিপুল, তাই ১৭৭৫ সালে সদর ফৌজদারী আদালতটি আবার মুর্শিদাবাদে নিয়ে যাওয়া হ'ল। কয়েক বছর পর সারা প্রদেশের ফৌজদারী প্রশাসন কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রণের উদ্দেশ্যে লর্ড কর্ণওয়ালিশ আবার নিজামত ফৌজদারী আদালত কলকাতায় নিয়ে যান।

১৭৭৬ সালে রেজা খাঁর পরিকল্পনা অনুযায়ী প্রদেশের ২৩ টি জেলার প্রতিটিতে একটি করে ফৌজদারী আদালত স্থাপন করা হ'ল। এর মধ্যে একটি জেলা ছিল মুর্শিদাবাদ। ১৭৮০ সালের ১১ই এপ্রিল মুর্শিদাবাদ সহ ৬ টি শহরে মফঃস্বল দেওয়ানী আদালত স্থাপন করা হ'ল। এই কোর্ট বসত মোবারক মঞ্জিল বা ফেন্ডাতবাগে। জমিদারী ও তালুকদারীর উত্তরাধিকার সংত্র(ান্ত মামলা সহ সম্পত্তি সংত্র(ান্ত যাবতীয় মামলার নিষ্পত্তি এই আদালতে হ'ত। রাজস্ব সংত্র(ান্ত মামলা এই কোর্টের বিচার্য ছিল না। রাজস্ব আধিকারিকরা প্রভিন্সিয়াল কাউন্সিলের কাছে দায়বদ্ধ ছিলেন। 'রাজস্ব' এবং 'দেওয়ানী' মামলার মধ্যে এই প্রথম সুনির্দিষ্ট ভেদরেখা টানা হ'ল। ১৭৮১ সালের ৬ই এপ্রিল ন্যায়বিচার প্রসারিত করার জন্য মফঃস্বল দেওয়ানী আদালতের সংখ্যা বাড়িয়ে ১৮ করা হ'ল । মুর্শিদাবাদের মফঃস্বল দেওয়ানী আদালতের কার্য(ত্র প্রসারিত ছিল মুর্শিদাবাদের কিছু অংশে, ফতেসিং পরগনায় ও বীরভূমে, নাটোরের মফঃস্বল দেওয়ানী আদালতের কার্য(ত্র প্রসারিত ছিল লস্করপুর ও (কুণপুর পর্যন্ত। মুর্শিদাবাদ ও নাটোরের আদালত বড় শহরে স্থাপিত হওয়ায় কোম্পানীর কভেনান্টেড সিভিল সার্ভেন্টদের এই আদালতগুলির বিচারক করা হ'ত। এদের ম্যাজিস্ট্রেট বলা হ'লেও ফৌজদারী মামলার বিচারের (মতা এদের ছিলনা। ১৭৮৫ সালে 'দ্রুত ও কার্যকর' বিচারের জন্য ছোটখাট ফৌজদারী মামলার বিচারের (মতা ম্যাজিস্ট্রেটদের দেওয়া হয়।

১৭৯০ সালে চারটি কোর্ট-অব্-সার্কিট স্থাপন করা হ'ল । প্রতিটি কোর্টে থাকতেন দু'জন ইংরেজ বিচারপতি। সার্কিট কোর্টের বিচারক করা হ'ল কোম্পানীর খাস কর্মচারীদের। মুর্শিদাবাদ মিন্টের কর্তা মিঃ কীটিং ছিলেন হলেন সার্কিট কোর্টের জজ। এই চারটি সার্কিট কোর্ট স্থাপিত হয়েছিল মুর্শিদাবাদ, ঢাকা, প্রভৃতি চারটি জায়গায়। কোম্পানী ১৭৭১ থেকে ১৭৯৩ সালের মধ্যে তিনটি সুবাতেই অনেক চৌকি ও এরিয়া কোর্ট স্থাপন করেছিল যেখানে ম্যাজিস্ট্রেটদের উপর ফৌজদারী এবং মুন্সেফদের উপর দেওয়ানী মামলার বিচারের ভার দেওয়া হয়েছিল। এই সব কোর্টের বিচারের বি(দ্ধে উচ্চতর আদালতে অ্যাপীল করার সুযোগ প্রজা সাধারণকে দেওয়ার জন্যে কোর্ট-অব্-অ্যাপীল স্থাপিত হয়। ১৭৯৩ সালে চারটি 'প্রভিন্সিয়াল কোর্ট অব্ অ্যাপীল' স্থাপিত হয়। কোর্ট-অব্-সার্কিটের বিচারপতিরাই এই অ্যাপীল কোর্টের বিচারপতি হন। বাংলা, বিহার এবং উড়িষ্যাকে চারটি ডিভিশনে ভাগ করা হয়। মুর্শিদাবাদও এর একটি ডিভিশন ছিল। কলকাতার সদর আদালতের মতই গুরত্বপূর্ণ ছিল মুর্শিদাবাদের অ্যাপীল কোর্ট।

ন্যায় বিচারের সুযোগ যাতে প্রজা-সাধারণের সকলেই পায়, কোম্পানী সরকার সেদিকে দৃষ্টি রাখতেন। ১৮১৯ সালের ১৬ই জানুয়ারী তারিখের 'সমাচার দর্পণে' সে খবর বেরিয়েছিলঃ

'ইংলণ্ডীয়দের অধিকৃত নানাদেশের বিচার স্থান ঃ এই হিন্দুস্থান ইংলণ্ডীয়দের অধীন হওয়াতে বিচার স্থান এই কএকটা নিরূপিত হইয়াছে ইহার কারণ এই যে সকল লোক নিকটে বিচারস্থান পায় যেহেতুক প্রজা লোকেদের পরস্পর দৌরাত্ম হইলে তন্নিবারনার্থ বিস্তর দূর যাইতে না হয়। বাঙ্গালার মধ্যে তিন স্থানে কোর্ট অব্ আপীল আছে কলিকাতা, ঢাকা ও মুর্শিদাবাদ। আর পশ্চিমেও তিন স্থানে আছে পাটনা ও বারাণস ও বারলি। এই ছয় কোর্টের অধীনে তাবৎ হিন্দুস্থানের বিচারস্থান এই দুই

প্রকার বিভক্ত আছে। ..... মুর্শিদাবাদের অন্তঃপাতী একাদশ বিচারস্থান। বীরভূমি ও ভাগলপুর ও ভাগলপুরের অন্তঃপাতী মালদহ ও নিজ মুর্শিদাবাদ ও মুর্শিদাবাদের নিকটবর্তী প্রদেশ ও পুর্‌নিয়া রাজসাহী ও রঙ্গপুর দুই। .....'

১৭৯৩ সালে মুর্শিদাবাদের কালেক্টর ছিলেন স্যার জন এডওয়ার্ড হ্যারিংটন। মুর্শিদাবাদের দেওয়ানী আদালত চালাতে প্রতি মাসে কত টাকা খরচ হয় তার একটা হিসাব হ্যারিংটন সাহেব কলকাতার কোম্পানী সরকারকে দিয়েছিলেন। তখন জেল এবং কোতোয়ালীও ছিল মুর্শিদাবাদ দেওয়ানী আদালতের সঙ্গে যুক্ত। হ্যারিংটনের রিপোর্টে আছে,— একজন জজ বেতন পেতেন ২৫০০ টাকা ও একজন রেজিস্ট্রার বেতন পেতেন ৫০০ টাকা। তাঁরা দুজনেই ইংরেজ। এছাড়া দেওয়ানী আদালতে ছিল -

১ জন	সেরেস্তাদার	বেতন ১০০ টাকা
১ জন	পর্তুগীজ কেরানী	৮০
১ জন	নেটিভ কেরানী	৪০
৬ জন	মহুরী ২৫ টাকা হিসাবে	১৫০
১ জন	মৌলভী	১০০
১ জন	জজ পণ্ডিত	৬০
১ জন	মুন্সী	৫০
১ জন	নাজির	২৫
১ জন	নায়েব	১৫
২০ জন	পেয়াদা ৪ টাকা হিসাবে	৮০
১ জন	ডাক্তার	১০
১ জন	মোল্লা	৫
১ জন	ব্রাহ্মণ	৫
১ জন	মির্দা	১০
১ জন	ভিস্তি	৪
১ জন	মেথর	৩

প্রতি মাসে কাগজ, কালি ইত্যাদি বাবদ খরচ ছিল ৩০ টাকা। তখন কোর্টের কাজ ফার্সী ভাষায় চলত। মুন্সী ও দেশীয় কেরাণীকে তাই ফার্সী ও ইংরাজি জানতে হ'ত। পতুর্গীজ দলিল দেখার জন্যে পর্তুগীজ ভাষা জানা কেরাণী নিয়োগ করা হ'ত। মৌলভী আর জজ পণ্ডিত যথাত্রমে শরীয়তী আইন ও হিন্দু আইনের ব্যাখ্যা করতেন। মোল্লা সাীদের কোরাণ ছুঁইয়েকোর্টে শপথ নেওয়াতেন। আর পণ্ডিতের কাছে থাকত তামার ঘটে তুলসী পাতা ও গঙ্গাজল। তামা-তুলসী-গঙ্গাজল নিয়ে সাীরা আদালতে শপথ নিতেন। প্রসঙ্গত উল্লেখ্য মদনমোহন তর্কালঙ্কার ১৮৫০ খ্রীষ্টাব্দের নভেম্বর মাসে সংস্কৃত কলেজ ত্যাগ করে মর্শিদাবাদের জজ-পন্ডিত হন। তিনি এই পদে পাঁচ বৎসর কাজ করার পর ১৮৮৫ খ্রীষ্টাব্দের ডিসেম্বর মাসে তিনি ডেপুটি ম্যাজিস্ট্রেট পদে যোগ দিলে তাঁর যায়গায় শ্রীশচন্দ্র বিদ্যারত্ন (ইনি প্রথম বিধবা - বিবাহ করেন) জজ-পন্ডিত নিযুক্ত হন।

কোম্পানী শাসনের গোড়ার দিকে সরকারী খাজনা না দিলে বা ব্যক্তিগত ঋণ পরিশোধ না করলে দেনদারকে ফাটক খাটতে হ'ত। জেল খাটবার সময় ঋণগ্রস্তের আত্মীয়স্বজন বা অন্য কেউ দেনার টাকা শোধ করে দিলে ঋণগ্রস্ত ব্যক্তি জেল থেকে ছাড়া পেত। মুর্শিদাবাদ জেলার ধনবান মানুষ বিশেষ করে আজিমগঞ্জ বালুচরের সঙ্গতিসম্পন্ন জৈন সম্প্রদায়ের অনেকে পুণ্যার্জনের জন্য কোম্পানী সরকারে কিছু টাকা জমা দিয়ে প্রতি বছর কিছু ঋণগ্রস্তের মুক্তির ব্যবস্থা করতেন ।

জেল বিভাগ তখন বিচার বিভাগের অধীনে ছিল। কালেক্টর হ্যারিংটন সাহেবের হিসাব থেকে ১৭৯৩ সালে জেল বিভাগের খরচ কেমন ছিল তাও জানা যায়। মুর্শিদাবাদের জেল বিভাগের কর্তা ছিল মাসিক ২৫ টাকা বেতনের একজন মির্দা। তাঁর অধীনে ছিল ত্রিশজন বরকন্দাজ। তাদের প্রত্যেকের বেতন মাসে তিন টাকা। একজন ২০ টাকা বেতনের কর্মচারী ছিলেন বরকন্দাজদের সর্দার। আর ছিল মাসিক চার টাকা বেতনের একজন জল্লাদ এবং কারাদণ্ডে দণ্ডিত আসামীদের লোহার ডাণ্ডা-বেড়ী পরিয়ে দেবার জন্য দু'জন কর্মচারী। কোতোয়ালী সমেত বিচার বিভাগ চালাতে মাসে খরচ হ'ত ৪,৫৫৯ সিক্কা টাকা । স্যার জেমস হ্যারিংটনকে এই টাকা মাসিক বরাদ্দ ক'রে আদেশ দেন বোর্ড অব্ রেভেনিউ-এর তৎকালীন সেত্রেটারী মিঃ ই.এইচ. বার্লো।

পুরোনো রেকর্ড পত্রে মুর্শিদাবাদের সার্কিট কোর্ট অব্ অ্যাপীলের মাসিক এস্ট্যাব্লিশমেণ্ট খরচের হিসাব পাওয়া যায়। তিনজন ইংরেজ জজের মধ্যে প্রথম জজের বার্ষিক বেতন ছিল ৪৫,০০০ সিক্কা টাকা অর্থাৎ মাসিক ৩৭৫০ টাকা। দ্বিতীয় জজ পেতেন বছরে ৪০,০০০ সিক্কা টাকা এবং তৃতীয় জজ পেতেন বছরে ৩৫,০০০ সিক্কা টাকা অর্থাৎ ২৯১৬ টাকা ১০আনা ৮ পাই। তাছাড়া সার্কিট কোর্টে আরও চারজন ইউরোপীয় অফিসার ছিলেন, রেজিস্ট্রারের মাসিক বেতন ছিল ১০০০ টাকা, অ্যাসিস্ট্যাণ্ট রেজিস্ট্রার পেতেন ৪০০ টাকা এবং দুজন পর্তুগীজ রাইটার প্রত্যেকে মাসে ৭০ টাকা মাইনে পেতেন। সিনিয়র সিভিল সার্ভেণ্ট ছাড়া কাউকে সার্কিট কোর্টের 'ফার্স্ট জজ' করা হ'ত না।

দেশীয় কর্মচারীর হিসেবও পুরানো রেকর্ডে পাওয়া যায়। মোবারক মঞ্জিলের ভাড়া মাসে মাসে ১৫০ টাকা কোম্পানী সরকার দিতেন। কাগজ-কলম-কালির খরচ হ'ত মাসে বিশ

টাকা। আর নেটিভ অফিসার বা দেশীয় কর্মচারী ছিলেন -

১	জন	কাজী	বেতন ২০০ টাকা
১	জন	মুফতি	২০০ টাকা
১	জন	পণ্ডিত	১০০ টাকা
১	জন	সেরেস্তাদার	১০০ টাকা
১	জন	নেটিভ রাইটার	৩০ টাকা
২	জন	মুনসী ৫০ টাকা হিসাবে	১০০ টাকা
৪	জন	মোহরী ২৫ টাকা হিসাবে	১০০ টাকা
২	জন	মোহরী ২০ টাকা হিসাবে	৪০ টাকা
১	জন	নাজির	২০ টাকা
২০	জন	পেয়াদা ৪ টাকা হিসাবে	৮০ টাকা
২	জন	মোল্লার কেরানী ৮ টাকা হিসাবে	১৬ টাকা
২	জন	গঙ্গাজল ব্রাহ্মণ ৬ টাকা হিসাবে	১২ টাকা
১	জন	নায়েব	১০ টাকা

আগেই বলা হয়েছে কোম্পানী ১৭৭১ থেকে ১৭৯৩ সালের মধ্যে তিনটি সুবাতেই অনেক চৌকি ও এরিয়া কোর্ট স্থাপন করেছিলো। ১৭৯৩ থেকে ১৮৫১ পর্যন্ত কোম্পানী শাসনাধীন এলাকাতে বিচার ব্যবস্থার ধারাবাহিক পরিবর্তন হয়। জনবৃদ্ধি, ব্যবসা-বাণিজ্যের প্রসার, জমি ও সম্পত্তি সংক্র(ান্ত বিবাদের সংখ্যা বৃদ্ধি, সর্বোপরি কোম্পানীর প্রশাসনিক প্রয়োজনে এই পর্বে বিচার কাঠামোতে একের পর এক পরিবর্তন আনা হয়। ১৮০৩ সালে প্রতি জেলাতে একজন করে সদর আমিনের পদ তৈরী করা হ'ল আর ১৮০৫ সালে ওই পদগুলিতে দেশীয় অফিসার নিয়োগ করা হ'ল। কিন্তু চিরস্থায়ী বন্দোবস্তের ফলে মামলার সংখ্যা খুব বেড়ে গিয়েছিল। তাই ১৮২৩ সালে বিচারকদের (Judge) ফৌজদারী কার্যবিধি থেকে রেহাই দেওয়া হ'ল, যাতে তারা দেওয়ানী বিবাদ মেটাতে তাদের সময় ও শক্তি(ব্যয় করতে পারেন। নগর ও জেলা আদালতের নিচে দুই শ্রেণীর আদালত থাকত। আদালতের রেজিস্ট্রাররা ২০০ টাকা মূল্যের সম্পত্তি সংক্র(ান্ত মামলার বিচার করতেন। তাদের রায় অবশ্য কার্যকর হ'ত জজসাহেবের অনুমোদন পাওয়ার পর। এর নিচে থাকতেন দেশীয় কমিশনাররা। তারা ১৭৯৩ সালের ৪০ নম্বর রেগুলেশন অনুযায়ী ৫০ সিক্কা টাকা পর্যন্ত অর্থ সংক্র(ান্ত বা ঐ মূল্যের ব্যক্তি(গত সম্পত্তি সংক্র(ান্ত মামলার বিচার করতেন। প্রধান কমিশনারকে বলা হত সদর আমিন আর বাকিদের বলা হ'ত মুনসেফ।

১৮২৯ সালে নিয়োগ করা হ'ল 'ডিভিশনাল কমিশনার অব্ রেভিনিউ অ্যান্ড সার্কিট'। এদের সার্কিট জজের (মতা ছিল এবং বছরে অন্তত দু'বার তারা প্রতি জেলায় গিয়ে দায়রা আদালত বসাতেন। এদের বিভিন্ন জেলায় বসবাস ও সেসন আদালত বসানোর জন্য যে বাড়ি ব্যবহার হ'ত তাকে এখনও সার্কিট হাউস বলে। প্রাদেশিক আদালতগুলিকে ফৌজদারী মামলার দায়িত্ব থেকে রেহাই দেওয়া হ'ল। ১৮৩১ সালে ম্যাজিস্ট্রেটের কাজ কালেক্টরের সঙ্গে যুক্ত(করা হ'ল। ওই বছরই জেলা জজদের দায়রা বিচারপতি বা সেসন্স্ জজের সম্পূর্ণ (মতা দেওয়া হ'ল। অর্থাৎ একদিকে ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর জেলার প্রধান হলেন, অন্যদিকে জেলা জজ হলেন ডিষ্ট্রিক্ট অ্যান্ড সেসন্স জজ। পরের বছর কাজী ও মুফতির পদ বিলোপ করা হল। ১৮৩৬ সালে সরকার প্রতি জেলায় এক জন নগর ও দায়রা বিচারপতি, এক জন ম্যাজিস্ট্রেট ও এক জন কালেক্টর নিয়োগের পরিকল্পনা করল। এই পরিকল্পনা প্রথমে মুর্শিদাবাদ, মেদিনীপুর ও বর্ধমানে প্রয়োগ করা হ'ল, পরে বাংলাপ্রদেশের সব জেলাতেই তা চালু করা হয় । এর আগে ১৮১০ সালে জেলা ম্যাজিস্ট্রেটদের কাজের চাপ কমানোর জন্য অ্যাসিস্ট্যান্ট ও জয়েন্ট ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছিল। ১৮৪৩ সালে পুলিশ ও ফৌজদারী প্রশাসনকে শক্তি(শালী করতে ডেপুটি ম্যাজিস্ট্রেট পদ তৈরী করা হ'ল । ১৮৫৯ সালে আবার কালেকটর ও ম্যাজিস্ট্রেট পদ দুটিকে জুড়ে দেওয়া হ'ল, ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ও কালেক্টর আবার জেলার প্রধান হলেন।

মুর্শিদাবাদের পরগণা ম্যাপ থেকে দেখা যায় ১৮৫১-৫২ সালে মুর্শিদাবাদে জঙ্গীপুর, গোয়াস, হরিহরপাড়া, বহরমপুর ও মুর্শিদাবাদের দ(িণ ও উত্তর নগর, ডোমকল-আজিমগঞ্জ, জেমোকান্দী, ও রামপুরহাট এই ক'টি মহকুমা ছিল। প্রতিটি মহকুমায় একজন মুনসেফ ও একজন অ্যাসিস্ট্যান্ট ম্যাজিস্ট্রেট থাকতেন যাদের ওপর ছোটখাটো বিচারের ভার ছিল। এছাড়া থাকতেন অনারারী ম্যাজিস্ট্রেটরা যারা মহকুমা শহরের বাইরে আদালত বসাতেন।

কোম্পানীর আমলে অনেক কুঠিয়াল সাহেবকেও ম্যাজিস্ট্রেটের মত শাসন (মতা দেওয়া হ'ত। ইংরেজ আমলে অনারারী ম্যাজিস্ট্রেট দিয়ে ফৌজদারী মামলার বিচার ব্যবস্থা শু(হয়। প্রথমে কেবলমাত্র সাহেবদের এই বিচার (মতা দেওয়া হয়েছিল। পরে মুর্শিদাবাদ জেলার গণ্যমান্য ব্যক্তি(দের অনারারী ম্যাজিস্ট্রেট পদ দেওয়া হ'ত। ইংরেজ সরকার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর অনারারী ম্যাজিস্ট্রেট পদ দিয়ে গণ্যমান্য ব্যক্তি(দের সম্মান দিত। কলকাতা শহরের জাস্টিস-অব্-দি-পীসের মত মান খাতির ছিল অনারারী ম্যাজিস্ট্রেটদের। এল.এস.এস. ওম্যালি সম্পাদিত 'বেঙ্গল ডিষ্ট্রিক্ট গেজেটিয়ারস্' অনুযায়ী বহরমপুর,

ধুলিয়ান, লালবাগ, কান্দী ও জঙ্গীপুর আদালতে স্টাইপেণ্ডারী ম্যাজিস্ট্রেট ছাড়াও অনারারি ম্যাজিস্ট্রেট ছিলেন। এঁদের সংখ্যা ছিল বহরমপুরে ৬ জন, ধুলিয়ানে ৩ জন, লালবাগে ১১ জন, কান্দীতে ৬ জন ও জঙ্গীপুর আদালতে ৫ জন। ১৯১১ সালে জেলায় নিষ্পত্তি হওয়া ৩,২০৩ টি মামলার মধ্যে ৮১৬ টির নিষ্পত্তি করেছিলেন অনারারি ম্যাজিস্ট্রেটরা।

জেলার বিভিন্ন আদালতে ১৮৭০ সাল থেকে যাঁরা অনারারী ম্যাজিস্ট্রেট হয়ে ফৌজদারী মামলার বিচার করেছেন তাঁদের নামের তালিকা খুবই দীর্ঘ। তাঁদের মধ্যে রাজা, জমিদার, ব্যবসাদার, উকিল ইত্যাদিরা ছিলেন। পুরনো সরকারী বেসরকারী কাগজপত্র থেকে দেখা যাচ্ছে ১৮৭০-৯০ সালের মধ্যে কাশিমবাজার ছোট রাজবাড়ির অন্নদাপ্রসাদ রায়, শ্রী জি. পেরিন, প্রাণকৃষ(ব্যানার্জী, রাধিকাচরণ সেন, ডঃ রামদাস সেন, রায় রাজীবলোচন রায় বাহাদুর, শ্রী জি.ডব্লিউ.স্টক্স , বুধসিং দুধোরিয়া, বাবু বংশীদাস রায়, রায় ধনপৎ সিং বাহাদুর, নবাব জয়নাল আবেদিন , শ্রী এ.এন. স্টুয়ার্ট, লালগোলার রাজা যোগেন্দ্র নারায়ণ রাও প্রমুখ গণ্যমান্য ব্যক্তি(রা অনারারী ম্যাজিস্ট্রেটের পদ অলংকৃত করেছেন। পরবর্তী কালে বাবু বনবিহারী সেন, শ্রী মনোরঞ্জন সেন, শ্রী পি.কে রায় প্রমুখ খ্যাতনামা ব্যক্তি(রা অনারারী ম্যাজিস্ট্রেটের পদ অলংকৃত করেছেন।

১৮৪৪ সালে বোফোর্ট সাহেবের 'গাইড টু ত্রি(মিন্যাল ল অব্ দিস্ প্রেসিডেন্সী' প্রকাশিত হয়। তাতে কোম্পানী সরকারের জারী করা রেগুলশেন ও আইনগুলি একত্রিত করে ব্রিটেনে প্রচলিত আইনের সঙ্গে তুলনা করা হয়। তার আগে মার্শম্যান সাহেবের 'গাইড টু দি সিভিল ল' বেরিয়েছিল। তখন পর্যন্ত সরকারী সার্কুলার অর্ডার দিয়ে ফৌজদারী কোর্টের কাজ চলত। আর এই গাইড পড়ে এদেশের শি(ত লোকে আইন সম্পর্কে জ্ঞান লাভ করতেন। বোফোর্ট সাহেবের বইতে জজ, ম্যাজিস্ট্রেট, পুলিশ, উকিল বা মোক্ত(ার কার কি দায়িত্ব বা (মতা তা নিয়ে বিশদ আলোচনা করা হয়েছে। বিচার বিভাগের অধীনে তখন পুলিশ ও জেল বিভাগ থাকায় সেই সব বিভাগের সম্পর্কেও এই বইয়ে আলোচনা আছে। তখনকার দিনে জমিদারদের পুলিশকে সাহায্য করতে হ'ত। নইলে আইনগত ব্যবস্থা গভর্ণমেণ্ট নিতেন। তখনও কোম্পানী সরকার আইনগত শাসনের পাকা ব্যবস্থা করে উঠতে পারেননি।

১৮৬১ সালে দু'টি গু(ত্বপূর্ণ আইন পাশ হয়- ভারতীয় দন্ডবিধি (Indian Penal Code) এবং ভারতীয় ফৌজদারী কার্যবিধি (Indian Criminal Procedure Code)। এর ফলে দেশে বিচারপদ্ধতি ও দন্ডবিধানে সমতা এল। বাংলাপ্রদেশের সর্বোচ্চ বিচারালয় হিসাবে কলকাতায় স্থাপন করা হল হাইকোর্ট। প্রতি জেলায় থাকলেন জেলা ও দায়রা বিচারপতি, দু-একটি ব্যতিত্র(ম বাদ দিলে জেলার ভৌগোলিক এলাকার মধ্যেই যাদের বিচারের অধিকার সীমিত ছিল। এদের নিচে ছিলেন মুনসেফ, ম্যাজিস্ট্রেট ও অনারারী ম্যাজিস্ট্রেটরা। এখনো পর্যন্ত এই বিচার ব্যবস্থাই দেশে চালু আছে। তবে অনারারী ম্যাজিস্ট্রেট পদ বিলোপ করা হয়েছে। আর একটি বড় পরিবর্তন হয় ১৯৬৮ সালে, যখন সংবিধানের নির্দেশাত্মক নীতি কার্যকর করতে 'জুডিসিয়ারি' ও 'এক্সিকিউটিভ' কে পৃথক করা হয়। এই আইন দুই শ্রেণীতে ম্যাজিস্ট্রেটদের ভাগ করে - জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ করতে হাইকোর্টের অনুমোদন লাগে কিন্তু এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট করতে তা লাগে না।

এখন জেলার বিচার বিভাগের প্রধান জেলা ও দায়রা বিচারপতি বা ডিস্ট্রিক্ট এন্ড সেসনস্ জজ। তাছাড়া সদরে আছেন আরও পাঁচজন অতিরিক্ত(জেলা ও দায়রা বিচারপতি বা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট এন্ড সেসনস্ জজ। এদের মধ্যে একজন স্পেশাল কোর্ট, এসেনশিয়াল কমোডিটিজ-এর বিচারক। জেলাতে আছেন একজন চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট।

এছাড়া জেলাতে আছে একটি মোটর অ্যাক্সিডেন্ট কেস ট্রাইবুনাল। ডিস্ট্রিক্ট জজ বা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জজ পদমর্যাদার বিচারকেরা এই ট্রাইবুনালের বিচারক রূপে কাজ করেন । এছাড়া একটি কনজিউমার্স ফোরামও এ জেলায় আছে।

সদর মহকুমাতে আছেন একজন সাব ডিভিশনাল জুডিসিয়াল ম্যাজিট্রেট, তিন জন জুডিসিয়াল ম্যাজিট্রেট ,একজন অ্যাডিশনাল অ্যাসিস্ট্যান্স সাব জজ, দুইজন মুনসেফ (সিভিল জাজ, জুনিয়র ডিভিশন) এবং একজন অ্যাডিশনাল মুনসেফ।

কান্দী মহকুমাতে আছেন একজন অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট অ্যাণ্ড সেসনস্ জজ, একজন সাব ডিভিশনাল জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, একজন সাব জজ (দায়রা মামলার (মতা সহ) এবং দুজন মুনসেফ ।

লালবাগ মহকুমায় সাবডিভিশনাল জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ছাড়া আছেন দুইজন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, একজন অ্যাসিস্ট্যান্স সেসনস্ জজ এবং দুইজন মুনসেফ।

জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির তদারকি করার জন্য ডিস্ট্রিক্ট অ্যাণ্ড সেসনস্ জজ, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং পুলিশ সুপারিনটেনডেণ্ট-কে নিয়ে গঠিত একটি কমিটি আছে।

১৯৭৭-২০০০ কালপর্বে জেলার নথিভুক্ত(অপরাধ ও বিচারবিভাগীয় কার্যাবলীর পরিসংখ্যান অধ্যায়ের শেষে

সংযোজিত হয়েছে।

নবাবী আমলে নিজামত দরবারে বিভিন্ন রাজা জমিদারেরা নিজস্ব উকিল (ভকিল) রাখতেন। কোম্পানী সরকারের আমলেও উকিল ও মোক্তারেরা মামলা লড়তেন বাদী বিবাদীদের পক্ষে। সুপ্রীম কোর্টে এর্টনী ও ব্যারিষ্টারেরা বিলেত থেকে প্র্যাকটিস করতে আসতেন। তাঁরা বিলেত থেকে পরিচয়পত্র সঙ্গে আনতেন। সুপ্রীম কোর্টের জজদের কাছে ভাল প্রশংসাপত্র দেখিয়ে ওকালতির অনুমতি নিতে হ'ত। সুপ্রীম কোর্টে ওকালতি করতে হলে সাহেবদেরও সার্টিফিকেট দেখাতে হ'ত। মফঃস্বলেও একই ব্যবস্থা ছিল। রাজা জমিদার বা বিত্তবান লোকেদের উকিল মোক্তারেরা জজসাহেবদের হুকুম পেলে সাধারণ মানুষের পক্ষে মামলা চালাতেন। পরবর্তীকালে ওকালতি করতে হলে আইনের পরীক্ষা দিতে হ'ত এবং সার্টিফিকেট পেলে ওকালতি করা যেত। মোক্তারী পরীক্ষা সরকার প্রতি বছর নিতেন। কলকাতা বিশ্ববিদ্যালয় স্থাপিত হবার পরে আইনের পরীক্ষা নেবার ব্যবস্থা হয়। উকিলেরা গ্র্যাজুয়েট হলে বি-এল এবং আণ্ডার-গ্র্যাজুয়েট হলে পি-এল হতেন। ফৌজদারী আইনের পরীক্ষায় পাশ করলে মোক্তার হওয়া যেত। লর্ড মেকলে ইন্ডিয়ান পেন্যাল কোড তৈরী করার পরে এই সব আইনের পাঠ ও পরীক্ষা শুরু হয়েছিল।

গভর্ণমেণ্ট প্লীডার বা সরকারী উকিলের পদ মুর্শিদাবাদে চালু হয়েছিল সিপাহী বিদ্রোহের পরবর্তীকালে। ১৮৬৭ থেকে ১৮৯০ সাল পর্যন্ত দীননাথ গাঙ্গুলী ছিলেন জেলার সরকারী উকিল।

পুলিশ প্রশাসন

মোগল আমলে নাজিমের অধীনে, তাকে সহায়তা করার জন্য প্রতিটি সরকারে একজন ফৌজদার থাকত। এলাকার শান্তি রক্ষা, ডাকাতি-দমন, ছোটখাটো বিদ্রোহ দমন ছিল ফৌজদারের কাজ এবং সে কাজের জন্য ফৌজদারের হাতে পাঁচশ থেকে দেড়হাজার সিপাই থাকত। ফৌজদারের নিচে থাকত শিকদার। শিকদারের নিচে বরকন্দাজ বাহিনী সহ থানাদার। গুরুত্বপূর্ণ শহর গুলিতে কোতোয়াল নামে ফৌজদারের একজন সহকারী থাকত এবং নগরের শান্তি শৃঙ্খলা রক্ষা করা প্রধানত তাঁরই দায়িত্ব ছিল।

এর পাশাপাশি জমিদারদেরও রক্ষী বাহিনী ছিল। যেমন, গ্রামের চৌকিদার, জমিদারী সীমানার প্রহরী, নিজস্ব পুলিশ বাহিনী এবং ব্যক্তিগত দেহরক্ষী। অনেকে বলেন এই জমিদারী পুলিশি ব্যবস্থার অনুকরণেই বৃটিশ পুলিশি ব্যবস্থা তৈরী হয়েছিল। ছোট গ্রাম বা বড় গ্রামের এক একটা পাড়া নিয়ে চৌকির এলাকা তৈরী হ'ত এবং একেক জন চৌকিদারের উপর সেই এলাকার ফসল ও জীবজন্তু রক্ষা, শান্তি শৃঙ্খলা রক্ষার দায়িত্ব থাকত। কয়েকটি গ্রামের চৌকিদারদের কাজ দেখাশোনার দায়িত্ব ছিল দফাদারের। চৌকিদার দফাদাররা জমিদারের কাছ থেকে নিষ্কর জমি পেত। এই জমির উপস্বত্ব তাঁরা বংশপরম্পরায় ভোগ করত, চৌকিদারের কাজও তারা বংশানুক্রমেই পেত। এই জমিকে বলা হ'ত চৌকিদারান জমি। ফৌজদারী এবং জমিদারী পুলিশ হাতে হাত মিলিয়ে কাজ করত। একজন ফৌজদারের এলাকায় বেশ কয়েকটি জমিদারী থাকত এবং জমিদারী পুলিশ ছিল ফৌজদারের অধীনস্থ। মোগল শাসন যখন আলগা হতে থাকে তখন জমিদারেরা স্বাধীনতা-স্পৃহ হয়ে ওঠে এবং একটা সময়, ১৭৭২-৭৩ নাগাদ, দেখা যায় দুষ্কৃতি দমনের পরিবর্তে জমিদারেরা তাদের আশ্রয় দিচ্ছে।

ইস্ট ইন্ডিয়া কোম্পানী দেওয়ানী লাভের পর থেকে নবাবের এই পুলিশ বাহিনীর সংখ্যা হ্রাস পেতে থাকে। শেষে ১৭৭০ সালে ফৌজদার পদটাই অবলুপ্ত হয়।

বহরমপুরে ক্যান্টনমেন্ট পত্তনের সময় থেকেই নিরাপত্তার বিষয়টা কোম্পানীর চিন্তাভাবনার মধ্যে ছিল। বহরমপুর শহরের পূর্ব, উত্তর ও পশ্চিম ঘিরে ভাগীরথী নদী প্রবাহিত ছিল। বহরমপুর থেকে মুর্শিদাবাদে যোগাযোগের অন্যতম উপায় ছিল নদীপথ। এই পথের সুরক্ষায় রিভার পুলিশ মোতায়েন করা হয়। মুর্শিদাবাদের কালেক্টরের অধীনে নৌ বাহিনী ছিল। কোম্পানির রিভার পুলিশ সন্ধের পর থেকে টহল দিত। মুর্শিদাবাদ ও বহরমপুর শহরেও টহলদারির ব্যবস্থা ছিল। হান্টারের লেখা থেকে এ বিষয়ে বিস্তারিত বিবরণ পাওয়া যায়।

১৭৭৪ সালে হেস্টিংস পুলিশ ব্যবস্থায় কিছু পরিবর্তনের প্রস্তাব উপস্থিত করলেন। কেবলমাত্র শান্তিরক্ষা নয়, রাজস্ব আদায়ের স্বার্থে শান্তিরক্ষার বিষয়টি তাঁর প্রস্তাবে গুরুত্ব পেয়েছিল।

হেস্টিংসের প্রস্তাব কার্যকরী হওয়ার আগেই রেজা খাঁ প্রশাসনের বিকল্প প্রস্তাব হাজির করলেন। তিনি ১৭৭৫ সালে নায়েব নাজিম পদে পুনর্বহাল হয়েছিলেন। তাঁর প্রস্তাব ছিল প্রতিটি বড় জেলার সদর শহরে ফৌজদারী থানা গঠন। এছাড়া জেলাগুলিকে চৌকিতে ভাগ করা। প্রস্তাবটি কার্যকর হ'ল ১৭৭৬ সালের জানুয়ারী মাসে। ২৬টি থানা এবং ২৪টি চৌকি তৈরী হল। মুর্শিদাবাদে তৈরী হল ১টি থানা ও ২টি চৌকি। এ ব্যবস্থা চলল ১৭৮১ সাল পর্যন্ত।

সমগ্র পুলিশী সংগঠনের নিয়ন্ত্রণ ছিল একটি কেন্দ্রীয় ফৌজদারী দপ্তরের হাতে। তার প্রধান ছিলেন মুর্শিদাবাদের নায়েব নাজিম। এর পাশাপাশি প্রতিটি জমিদারী এলাকায় একটি করে

জমিদারী থানা ছিল । থানাদার নিয়োগ জমিদারের কর্তৃত্বাধীন ছিল। এই থানাদারি পুলিশ জমিদারী পুলিশি ব্যবস্থার ধারাতেই এসেছিল। থানার পুলিশদের বলা হ'ত পাইক এবং পাইকদের এক একটি দলের সর্দারদের বলা হ'ত নায়েক। সকলের উপরে ছিল থানাদার। মুর্শিদাবাদ রাজধানীর থানাদার পুলিশের বেশ খ্যাতি ছিল।

ফৌজদারী ও থানাদারী ব্যবস্থার কার্যকারিতা প্রশ্নাতীত ছিল না। থানাদার ডাকাতের সঙ্গে যোগসাজস করছে এমন ঘটনা হামেশাই দেখা যেত। ফলে ১৭৮১ সালে হুগলীর ফৌজদারী ছাড়া অন্য সব ফৌজদারী বিলোপ করা হ'ল। দেওয়ানী আদালতের বিচারককে ম্যাজিস্ট্রেটের (মতাও দেওয়া হ'ল। মুর্শিদাবাদ শহরে তৈরী হ'ল কোতোয়ালী। কোতোয়ালের হাতে ছিল আশি জন বরকন্দাজ, ত্রিশজন পাসোয়ান এবং দশজন ডোম।

